

তারিখ - ৩০/০৩/২০২২
 পৃষ্ঠা - ৩

উচ্চ মাধ্যমিক ছাত্রীদের বেতন মওকুফ ও উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন শুরু

তথ্য বিবরণী : সরকার চলতি বছরের জানুয়ারী মাস থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল ছাত্রীর জন্য বেতন মওকুফ ও উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন শুরু করেছে। এ কর্মসূচীর মাধ্যমে দেশের বিভিন্ন মহাবিদ্যালয়ের প্রায় ২ লাখ ৫ হাজার ছাত্রী উপবৃত্তি ও বেতন মওকুফের সুবিধাসহ মর্যাদার সাথে প্রবেশিকা পরীক্ষা করতে পারবে। দেশের নারীশিক্ষার সম্প্রসারণসহ উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ দেয়ার মাধ্যমে নারীর ক্ষমতায়ন, সামাজিক মর্যাদা বৃদ্ধি ও তাদের আত্মকর্ম নির্ভরশীল হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচীর আওতায় দেশের প্রতিটি মহাবিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীরা সুনির্দিষ্ট সুবিধাদি পাবে। এর মধ্যে রয়েছে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে প্রতিমাসে ৬৫ টাকা হারে উপবৃত্তি, একাদশ শ্রেণীতে বই কেনার জন্য এককালীন ৩৫০ টাকা, দ্বাদশ শ্রেণীতে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞান শাখার জন্য এককালীন ৬০০ টাকা ও অন্যান্য শাখার ক্ষেত্রে এককালীন ৪০০ টাকা।